

“করোনা ভাইরাস মোকাবেলায় আমরা সবাই ঘরে থাকি”

শহীদ এ.এইচ.এম.কামারুজ্জামান সরকারি ডিগ্রি কলেজ, রাজশাহী।

একাদশ শ্রেণির ক্লাস টেস্ট/টিউটোরিয়াল পরীক্ষা-০১

বিষয়: পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

অধ্যায়: ৩য়, মূল্যবোধ, আইন, স্বাধীনতা ও সাম্য

মোহাম্মৎ লায়লাতুন নাহার

প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান

মোবাইল নং: ০১৭১৬৩৮৫৯১৫

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

বহুনির্বাচনি প্রশ্ন

১০

১। ইংরেজি Law শব্দটি কোন টিউটনিক শব্দ থেকে ?

(ক) Low

(খ) Leg

(গ) Lag

(ঘ) Log

২। 'যুক্তিসিদ্ধ ইচ্ছার অভিব্যক্তিই হচ্ছে আইন'- উক্তিটি কার?

(ক) সক্রোটাস

(খ) এরিস্টটল

(গ) টমাস হবস

(ঘ) জন অস্টিন

৩। আইন মানুষের কোন ধরনের আচরণ নিয়ন্ত্রণ করে?

(ক) অভ্যন্তরীণ

(খ) বাহ্যিক

(গ) পারিবারিক

(ঘ) সামাজিক

৪। 'যেখানে আইন থাকে না, সেখানে স্বাধীনতা থাকতে পারে না'- উক্তিটিতে কী প্রকাশ পাচ্ছে?

(ক) আইন স্বাধীনতার প্রচারক

(খ) আইন স্বাধীনতার সম্পূরক

(গ) আইন স্বাধীনতার রক্ষক

(ঘ) আইন স্বাধীনতার প্রতিবন্ধক

৫। সমাজে মানুষের কাজের ভালো-মন্দ বিচারের মানদণ্ড কোনটি?

(ক) শ্রমের মর্যাদা

(খ) আইনের শাসন

(গ) সামাজিক ন্যায়বিচার

(ঘ) সামাজিক মূল্যবোধ

৬। নিচের কোনটি রাজনৈতিক সাম্যের উদাহরণ?

- (ক) সার্বজনীন ভোটাধিকার (খ) উৎপাদন ও বন্টনের ক্ষেত্রে বৈষম্য হ্রাস
(গ) আইনের দৃষ্টিতে সমতা (ঘ) ন্যায্য মজুরির নিশ্চয়তা

৭। আইন প্রণয়নের সবচেয়ে কার্যকরী উৎস হলো-

- i . বিচারকের রায়
ii . চিরাচরিত প্রথা
iii . আইন পরিষদ

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) ii (গ) iii (ঘ) i , ii ও iii

৮। আইন মেনে চলার মূল কারণ কী?

- (ক) শাস্তির ভয় (খ) বুদ্ধি
(গ) উপযোগিতা (ঘ) মূল্যবোধ

৯। কোনটি আইনের উৎস নয়?

- (ক) ধর্ম (খ) আইন সভা
(গ) প্রথা (ঘ) আমলাতন্ত্র

১০। অপরাধীকে শাস্তি দেয়ার জন্য নিচের কোন আইনটি প্রয়োগ করা হয়?

- (ক) ফৌজদারি (খ) আন্তর্জাতিক
(গ) সাংবিধানিক (ঘ) প্রশাসনিক

উদ্দীপকটি মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

ড.কামাল সাহেব পেশায় একজন আইনজীবী। দীর্ঘ পেশা জীবনে আইন বিষয়ে অনেক বই লিখেছেন। কিন্তু তিনি মনে করেন কেবল আইনই স্বাধীনতা নিশ্চিত করতে পারে না। মানুষ বিবেকবোধ, ন্যায়নীতি, উচিত-অনুচিতের দ্বারাও পরিচালিত হয়। সেগুলো আইন থেকে পৃথক। তিনি বিশ্বাস করেন সমাজে যদি বৈষম্য বিরাজ করে তাহলে স্বাধীনতা কখনও ফলপ্রসূ হয় না।

প্রশ্ন:

- ১। মূল্যবোধ কী? ১
- ২। আইনের অনুশাসন বলতে কী বোঝায়? ২
- ৩। উদ্দীপকে ড. কামাল সাহেব বিবেকবোধ, ন্যায়নীতিকে আইন থেকে পৃথক বলেছেন কেন? ব্যাখ্যা কর। ৩
- ৪। উদ্দীপকের ড. কামাল সাহেবের সাথে তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

বি.দ্র:

শিক্ষার্থীরা Home Work সম্পন্ন করে মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষকের ই-মেইল আইডিতে প্রেরণ করতে পারবে অথবা কলেজ খোলার পর সংশ্লিষ্ট শিক্ষককে জমা দিবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগে একাদশ শ্রেণির সকল শিক্ষার্থী নিয়মিত website (www.skcr.edu.bd) এ যুক্ত থাকবে।

ভালমতো অধ্যায়টি পড়ে সততার সাথে পরীক্ষায় খাতার ছবি উঠিয়ে আমার ই-মেইল আইডি – mosammatlailatunnahar@gmail.com তে প্রেরণ কর ৩ দিনের মধ্যে।

দৃষ্টিআকর্ষণ: সংশ্লিষ্ট অভিভাবক

(আপনার সন্তান নিয়মিত অনুশীলন করছে কিনা তা দেখার অনুরোধসহ)